ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩

NOV. 07 2002

# প্রাথমিকের শিক্ষার্থীদের পুরাতন বই বিতরণ না করার পরামর্শ

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে বই বিতরণের নীতিমালায় ৩য় শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের থেকে পুরাতন বই সংগ্রহ করে নতুন শ্রেণীতে সেগুলো সরবরাহ না করার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন'।

গতকাল বুধবার এক বিবৃতিতে নেতৃবৃন্দ জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ সমাপ্তি দিবসে প্রধানমন্ত্রীর প্রাথমিক শিক্ষাকে সামাজিক আন্দোলনে রূপান্তরিত করার আহ্বানের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন। নেতৃবৃন্দ পুরাতন বই প্রসঙ্গে বলেছেন, ৮/৯ বছর বয়সী একজন শিক্ষার্থী এক বছর বই নাড়াচাড়া করার ফলে পরবর্তী বছরে বইগুলো পড়ার উপযোগী বা আকর্ষণীয় থাকে কিনা তা বিবেচনায় আনা প্রয়োজন।

নেতৃবৃন্দ ২০০৩ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সকল ছাত্রছাত্রীকে সব বিষয়ের নির্ধারিত নতুন বই সরবরাহ করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের শিক্ষা উপদেষ্টা, সচিব এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন।